

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
যারা আল্লাহর নামে কৃত অসীকার
এবং প্রতিজ্ঞা সামান্য মূল্যে
বিক্রয় করে, আখেরাতে তাদের
কেন অংশ নেই।
সূরা আল ইমরান ৭৭

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ২ মঙ্গলবার ২২ সেপ্টেম্বর ২০২৬ ৥ ১০ রবিঃ সানিঃ ১৪৪৮ ৥ ০৯ আশ্বিন ১৪৩৩ ৥ ৯ম বর্ষ ১০৮ সংখ্যা ২৪ পৃষ্ঠা ৫ টাকা

ফ্যাসিস্ট আমলে সরকারপ্রধানের
সফরে কোটি কোটি টাকা খরচ
করা হতো: রিজভী
কীর্তনখোলা ডেস্ক
ফ্যাসিস্ট সরকারের আমলে সরকারপ্রধানের বিদেশ সফরে কোটি কোটি টাকা অপচয় করা হতো বলে মন্তব্য ২ এর পাতায় দেখুন

সরকারের বড় সাফল্য
নির্ভর করছে স্বাস্থ্যখাতের
ওপর: স্বাস্থ্যমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
সরকারের বড় সাফল্য স্বাস্থ্যখাতের ওপর নির্ভর করছে বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সন্দনর মো. সাখাওয়াত ২ এর পাতায় দেখুন

সরকারকে সংখ্যাগরিষ্ঠতার
ভূতে ধরেছে: গোলাম
পরওয়ার
কীর্তনখোলা ডেস্ক
সরকারকে সংখ্যাগরিষ্ঠতার ভূতে ধরেছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ২ এর পাতায় দেখুন

পালানোর অভিযোগে
চাকরি গেল পুলিশের
উর্ধ্বতন ৬ কর্মকর্তার
কীর্তনখোলা ডেস্ক
ঢাকা জেলার সাবেক পুলিশ সুপার আসাদুজ্জামানসহ ৬ পুলিশ কর্মকর্তাকে চাকরি থেকে বরখাস্ত করেছে সরকার। সোমবার ২ এর পাতায় দেখুন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
গ্র্যান্ডব্রদার সিমেন্ট
ইস্রাইলের মজবুত সিমেন্ট
সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৭৯৯০২৭৭০৪

তেলের দাম বাড়ায় স্থবির হয়ে পড়ছে দক্ষিণাঞ্চলের পরিবহন খাত

কীর্তনখোলা রিপোর্ট

দেশের বাজারে চার ধরনের জ্বালানি তেলের দাম লিটারপ্রতি ২০ টাকা করে বাড়িয়ে ২০ সেপ্টেম্বর রাতে প্রজ্ঞাপন জারি করেছে সরকার। এতে যাত্রী ও পণ্যপরিবহনে ব্যবহৃত ডিজেলের দাম ১১৫ টাকা থেকে বেড়ে ১৩৫ টাকার ঠেকছে— যা দেশের ইতিহাসে সর্বোচ্চ। নতুন এই দরের ফলে প্রতি ১০০ কিলোমিটার যাত্রায় দূরপাল্লার বাসের জ্বালানি খরচ একলাফে প্রায় ৫৭১ টাকা বেড়ে গেছে। রাতারাতি তৈরি হওয়া এই বাড়তি খরচের ধাক্কা এখন পরিবহন খাতের ওপর। ডিজেলের দাম লিটারপ্রতি ১১৫ টাকা থেকে বাড়িয়ে ১৩৫ টাকা করায় পরিবহন খাতে রেকর্ড চাপ তৈরি হয়েছে। বাসের



টাকা, যা দেশের পরিবহন ব্যবসাকে তীব্র সংকটে ফেলেছে। পরিবহন মালিকদের দেওয়া তথ্যমতে, একটি সাধারণ ৪৫ সিটের দূরপাল্লার বাস গড়ে প্রতি লিটার ডিজেলে ৩ দশমিক ৫ কিলোমিটার পথ চলে। আগে ১১৫ টাকা লিটার দরে প্রতি কিলোমিটারে জ্বালানি খরচ হতো

৩২ টাকা ৮৬ পয়সা। দাম বেড়ে ১৩৫ টাকা হওয়ায় এখন প্রতি কিলোমিটারে খরচ দাঁড়াচ্ছে ৩৮ টাকা ৫৭ পয়সা। অর্থাৎ, প্রতি কিলোমিটারে বাসের গুণু জ্বালানি বাবদ খরচই বাড়ছে প্রায় ৫ টাকা ৭১ পয়সা। সে হিসাবে, ১০০ কিলোমিটার পথের জন্য আগে যেখানে ডিজেল বাবদ খরচ হতো ২ হাজার ২৮৬ টাকা, এখন তা বেড়ে দাঁড়াচ্ছে ৩ হাজার ৮৫৭ টাকায়। এদিকে জ্বালানি খেতের মূল্যবৃদ্ধির

প্রভাবে স্থবির হয়ে পড়ছে পোটা দক্ষিণাঞ্চলের পরিবহন খাত। ঢাকা-বরিশাল মহাসড়কসহ বিভাগের ছয় জেলার অভ্যন্তরীণ ও দূরপাল্লার সড়কে যান চলাচল মারাত্মকভাবে ২ এর পাতায় দেখুন

মাদক-সন্ত্রাসের বিরুদ্ধে বিএমপি'র সাঁড়াশি অভিযান, আটক ৫

কীর্তনখোলা রিপোর্ট

মাদক ও সন্ত্রাস বিরোধী সাঁড়াশি অভিযান চালিয়েছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। এ সময় ৫ জনকে আটক করা হয়েছে। বিএমপি মিডিয়া সেল জানায়, রোববার রাতে মহানগর, পুলিশের অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (দক্ষিণ) বেলাল হোসাইনের নেতৃত্বে কোতোয়ালি মডেল থানার একটি বিশেষ অভিযানিক দল প্রায় দুই ঘন্টাব্যাপী আকস্মিক মাদকবিরোধী সাঁড়াশি অভিযান পরিচালনা করে। নগরীর কেউসি বস্তি, বেলস পার্কসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় চিহ্নিত মাদক ব্যবসায়ী, সন্ত্রাসী ও সন্দেহভাজন অপরাধীদের বিরুদ্ধে এ অভিযান চালানো হয়। অভিযান চলাকালে স্থানীয় বাসিন্দারা বিভিন্ন তথ্য দিয়ে পুলিশকে ২ এর পাতায় দেখুন



সিটি পাইকারী কাঁচা বাজারের কোঠা ব্যবসায়ী মোঃ শাহ আলম এর উপর চিহ্নি ঘাট নগর জটিলতমের সন্ত্রাসী, চাঁদাবাজ মাদক ব্যবসায়ক প্রভৃতি হইয়া উঠেছে। বিশেষভাবে মদ্য, হাফির, ছোট সন্ধ্যা সহ অন্যান্য সহ জাতীয় ২৫০০ জন কর্তৃক হুমায়ূর প্রতিবেদন ও এরপর ও সন্ত্রাসীদের অবিশেষ প্রেক্ষিতার এবং ব্যবসায়ীদের জ্ঞানমালের নিরাপত্তার দৃষ্টান্তে



বরিশাল নগরী সিটি পাইকারী কাঁচা বাজারের ব্যবসায়ীরা



কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে রাজনৈতিক দলের নাম ভাঙিয়ে চাঁদাবাজির প্রতিবাদে মানববন্ধন ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছেন বহুমুখী সিটি পাইকারি কাঁচাবাজারের ব্যবসায়ীরা।

সোমবার (২১ সেপ্টেম্বর) দুপুরে বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়কে এ কর্মসূচি পালন করা হয়। ঘন্টাব্যাপী এই মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশে বহুমুখী সিটি পাইকারি কাঁচাবাজার ব্যবসায়ী



সমিতির নেতৃবৃন্দসহ সাধারণ ব্যবসায়ীরা অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য দিয়ে গিয়ে ব্যবসায়ীরা অভিযোগ করেন, তারা দীর্ঘদিন ধরে সেখানে শান্তিপূর্ণভাবে ব্যবসা পরিচালনা করে ২ এর পাতায় দেখুন



কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর বাজার রোডের ঐতিহ্যবাহী জামিয়া আরাবিয়া খাজা মঈনউদ্দীন মাদ্রাসার সভাপতির পদ নিয়ে উত্তেজনা দেখা দিয়েছে। মাদ্রাসার বর্তমান সভাপতি মুফতি সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীমকে ঘিরে চরমোনাই পীরের অনুসারীদের সঙ্গে স্থানীয় বিএনপি নেতাদের বিরোধ প্রকাশো এসেছে। মাদ্রাসা কর্তৃপক্ষের অভিযোগ, বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য এবায়েদুল হক চান জোর করে সভাপতির পদ নিতে চাচ্ছেন এবং করেক দফা মাদ্রাসায় গিয়ে ভীতিকর পরিস্থিতি তৈরি করেছেন। তবে চান অভিযোগ অস্বীকার করেছেন। খাজা মঈনউদ্দীন মাদ্রাসার মুহতামিম ও মাদ্রাসা কমিটির সাধারণ সম্পাদক মো. আব্দুল হালিম জানান, রোববার বিকেলে দলবল নিয়ে মাদ্রাসার ভেতরে মহড়া দেন এবায়েদুল হক চান। সেখানে আছরের নামাজ আদায় করেন। মহড়া দেওয়ায় মাদ্রাসার কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে ভীতিকর পরিবেশ সৃষ্টি হয়েছে। আব্দুল হালিমের অভিযোগ, কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ডের নীতিমালা অনুযায়ী একজন আলোম এসব প্রতিষ্ঠানের সভাপতি হবেন। চান ২ এর পাতায় দেখুন



বরিশাল সদর জেনারেল হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় ও মতবিনিময় সভায় বক্তব্য রাখেন অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি

-কীর্তনখোলা

২য় স্ত্রীর আত্মহত্যায় প্ররোচনা এমপি গাজী নজরুল ও প্রথম স্ত্রী রিমাভে

কীর্তনখোলা ডেস্ক

দ্বিতীয় স্ত্রী মরিয়মের আত্মহত্যায় প্ররোচনার আসনে দেন। এর মামলায় সাতকীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের ৪ দিন ও তার প্রথম স্ত্রী মাকসুদা ইসলামের ১ দিনের রিমাভে মঞ্জুর করেছেন আদালত। সোমবার (২১ সেপ্টেম্বর) আসমিদের আদালতে হাজির করে মামলার তদন্ত কর্মকর্তা শেরেবালা নগর থানার উপ-পরিদর্শক (এসআই) শামসুজ্জোহা সরকার প্রত্যেকের সাত দিনের রিমাভে চেয়ে আবেদন করেন। রত্নপক্ষে ঢাকা মহানগর পাবলিক প্রসিকিউটর ওমর ফারুক ফারুকী আসমিদের



রিমাভে নেওয়ার যৌক্তিকতা তুলে ধরেন। আসামি পক্ষের আইনজীবী মাহবুবুর রহমানসহ বেশ কয়েকজন রিমাভে নামঞ্জুর ও জামিন চেয়ে শুনানি করেন। উভয় পক্ষের শুনানি শেষে ঢাকার

মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ এহসানুল ইসলামের আদালত রিমাভের আদেশ দেন। এর আগে বিকেল ৩টা ১১ মিনিটে গাজী নজরুলকে ৪ দিনের রিমাভে দেওয়া হয়। এ সময় তিনি তার আইনজীবীদের সঙ্গে কথা বলেন এবং মামলার এজাহার পড়ে দেখেন। পরে ওকালতনামায় সই করেন। ৫ কারণে রিমাভে চাওয়া হয়- ১. ভিকটিম মরিয়ম ফাঁস লাগিয়ে মৃত্যুবরণ করার সময় একই বাসায় এজাহারনামীয় প্রেফতার আসামিরা ছিল। তাই ভিকটিমের আত্মহত্যায় তাদের প্রভাব আছে কি না তা উদ্ঘাটন। ২.

ভিকটিমকে আত্মহত্যায় প্ররোচনা, উসকানি, মানসিক চাপ, ভয়ভীতি প্রদর্শন বা অন্য কোনোভাবে আত্মহত্যায় প্ররোচিত করার বিষয়ে আসামিদের ভূমিকা উদ্ঘাটন। ২ এর পাতায় দেখুন



বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীনের সাথে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি)-এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির নেতৃবৃন্দের মতবিনিময় সভা

-কীর্তনখোলা

টিপুর লাশ দাফনে যাওয়ায় স্বজনদের হত্যার হুমকি দিয়েছিলো আ.লীগ নেতারা

কীর্তনখোলা ডেস্ক

২০১৫ সালে বরিশালের আগেলঝাড়া উপজেলা ছাত্রদের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক টিপু হাওলাদার ক্রসফায়ারে নিহত হন। ময়নাতদন্ত শেষে লাশ বাড়িতে আনার পর লাশ দাফনে অংশ নিতে চেয়েছিলেন

তার দ্বুলাভাই শাহ মো. বখতিয়ার। বাড়ি গেলে তাঁরও এমনি অবস্থা হবে বলে তখন হুমকি দিয়েছিলেন স্থানীয় আওয়ামী লীগের নেতারা। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এ সোমবার জবানবন্দিতে এসব কথা বলেন শাহ মো.

বখতিয়ার। বরিশালের আগেলঝাড়া ছাত্রদল ও জাসফারের দুই নেতাকে ক্রসফায়ারে হত্যার ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহসহ চারজনের বিরুদ্ধে ২ এর পাতায় দেখুন

দৈনিক **কীর্তনখোলা**
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
প্রতিনিধি আবশ্যিক
দৈনিক কীর্তনখোলা প্রকাশের জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাঙ্গিরাপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা প্রকাশের ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

বাউফলে মিড-ডে মিলের ডিম

খাবার প্রস্তুত করা হয় । রোববার ডিম স্বেচ্ছ করার পর গরম পানি সরানোর সময় দুর্ঘটনাটি ঘটে । হঠাৎ পানি ছিটকে পড়ে মাহফুজের শরীর দক্ষ হলে অন্য শিক্ষার্থীদের মধ্যেও আতঙ্ক ছড়িয়ে পড়ে। ঘটনার পর বিদ্যালয়ের শিক্ষক ও পরিচালনা কমিটির দায়িত্ব নিয়ে ক্ষোভ প্রকাশ করে একাধিক অভিভাবক জানান, বিদ্যালয় কর্তৃপক্ষ প্রায়ই কোমলমতি শিক্ষার্থীদের দিয়ে শাক তোলা, রান্নার জিনিসপত্র আনা কিংবা ডিম স্বেচ্ছ করার মতো ঝুঁকিপূর্ণ কাজ করিয়ে থাকে। অভিভাবকদের পক্ষ থেকে একাধিকবার প্রতিবাদ জানানো সত্ত্বেও শিক্ষকেরা বিষয়টি পাত্তা দেননি। তবে শিক্ষার্থীদের দিয়ে ঝুঁকিপূর্ণ কাজ করানোর বিষয়টি অস্বীকার করে মাহফুজের শ্রেণিশিক্ষক ফাহিমদা আক্তার বলেন, ‘ডিম স্বেচ্ছ করার পর গরম পানি ফেলে দেওয়ার জন্য যখন নেওয়া হচ্ছিল, তখন অসাবধানতাবশত অন্য একজনের সঙ্গে ধাক্কা লাগে। এতে পানি ছিটকে মাহফুজের গায়ে পড়ে সে দক্ষ হয়।’ ঘটনাটি নিয়ে কথা বলতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফজলুর রহমানের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। এ বিষয়ে বাউফল উপজেলা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ আখতার হোসেন জানান, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে তাক্ষণিকভাবে অবহিত করা হয়েছে। প্রাথমিক তদন্ত সাপেক্ষে কোনো ধরনের অবহেলা প্রমাণিত হলে দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

বন্ধের দিনে মাদরাসার টেবিল-বেঞ্চ বিক্রি

মাদরাসার ব্যবস্থাপনা কমিটিকে তোয়াক্কান না করে মাদরাসা বন্ধের দিনে টেবিল, চেয়ার ও হাই বেঞ্চ বিক্রি করে দেওয়া হয়েছে। এছাড়া সরকারি বিধিবিধান বহির্ভূতভাবে সুপার ও অফিস সহকারীর অফিস কক্ষ ভবনের নিচতলায় এবং শিক্ষকদের অফিস কক্ষ দোতলায় করায় মাদরাসা পরিচালনায় বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। অভিযুক্ত কম্পিউটার শিক্ষক মো. জাহাঙ্গীর ও লাইব্রেরিয়ান মো. মহিউররহমান টেবিল ও হাই বেঞ্চ বিক্রির জন্য মাদরাসার সুপার মাহাবুবা আক্তার পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করে দেন। ওই কমিটির প্রধান ছিলেন সহ-সুপার মাহওলানা জামাল উদ্দিন। তারা দুজনও ওই কমিটির সদস্য ছিলেন। মো. মহিবুল বলেন, ৩৪টি হাই বেঞ্চ ১ হাজার ৫ টাকা করে এবং চারটি টেবিল ৭০০ টাকা করে বিক্রি করা হয়েছে। এগুলো বিক্রির জন্য কমিটি করা হয়েছিল। এর বাইরে আমরা কিছুই জানি না। সহ-সুপার মাহওলানা জামাল উদ্দিন বলেন, আমি হাই বেঞ্চ ও টেবিল বিক্রয়ের ব্যবস্থাপনা কমিটির প্রধান ছিলাম। কিন্তু দুই শিক্ষক আমাদেরকে না জানিয়ে বন্ধের দিনে হাই বেঞ্চ ও টেবিলগুলো বিক্রি করে ফেলে। সুপার মাহাবুবা আক্তার বলেন, আমি মানসিকভাবে ভালো নেই। তাই টেবিল এবং হাই বেঞ্চ বিক্রির বিষয়ে আমি সহ-সুপারসহ শিক্ষকদেরকে দায়িত্ব দিয়েছি। ইউএনও রুমানা আফরোজ বলেন, লিখিত অভিযোগ পেয়েছি। এ বিষয়ে তদন্ত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার ওপর দায়িত্ব দেওয়া হয়েছে। তদন্ত করে মাদরাসা মহিলা বিষয়ক কর্মকর্তা মো. নূর নবী বলেন, এ বিষয়ে তদন্ত চলমান। তদন্ত শেষে প্রতিবেদন জমা দেওয়া হবে।

জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রতিবাদে

তিনি আরও বলেন, একলাফে লিটারপ্রতি ২০ টাকা জ্বালানি তেলের দাম বাড়ানোর ফলে শুধু পরিবহণ খাতই ক্ষতিগ্রস্ত হবে না, বরং কৃষি উৎপাদন, কলকারখানা ও ব্যবসার সামগ্রিক খরচ আশঙ্কাজনকভাবে বাড়বে। এর ফলে বাজারে প্রতিটি পণ্যের দাম নতুন করে বৃদ্ধি পাবে, যার চূড়ান্ত মাষ্টল গুনতে হবে সাধারণ জনগণকেই। সমাবেশে সভাপতির বক্তব্যে মহানগর নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসাইন দুলাল অভিযোগ করেন, জনগণের প্রত্যাশা অনুযায়ী দেশ পরিচালনায় সরকার কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হচ্ছে। তিনি বলেন, জ্বলাই গণহত্যার বিচার, গণভোটের রায় বাস্তবায়ন, বিদ্যুৎ-তেল-গ্যাস ও সারের সংকট নিরসন, নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং দূনীতি ও দখলদারি বন্ধের মতো জনগুরুত্বপূর্ণ দাবিসমূহ বাস্তবায়নে ব্যর্থ হওয়ায় বিনৈপুণি সরকার ধীরে ধীরে জনবিক্ষিন্ন হয়ে পড়ছে। বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি মাহুলানা মতিউর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত এ সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মহানগরীর নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসাইন দুলাল ও সহকারী সেক্রেটারি মাস্টার মিজানুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন মহানগর সহকারী সেক্রেটারি তারিকুল ইসলাম, কর্মপরিদম সদস্য শামীম কবির, মাহুলানা শফিউল্লাহ তালুকদার, মাহফুজুর রহমান আমিন, কানুনিয়া খান আমির মাহুলানা মোস্তাফিজুর রহমানসহ জামায়াতের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা। শেষে একটি বিশাল বিকাত মিছিল টাউন হল চত্বর থেকে শুরু হয়ে নদীর গুরুত্বপূর্ণ গণথলো প্রদক্ষিণ করে। মিছিলটি সদর রোড, ফজলুল হক এভিনিউ, চকবাজার ও গির্জা মহল্লা এলাকা হয়ে পুনরায় এক স্থানে এসে সমাপ্ত হয়।

বরিশালে সবজির দর অপরिवर्तित

৪০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এছাড়াও পাকা মিষ্টি কুমড়া ৫৫ থেকে ৬০ টাকা, কঁকরোল ৮০ থেকে ১০০ এবং কচুর লুটি ৬০-৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজারের দুলাল বানিজ্যালয়ের আমিনুল ইসলাম শুভ বলেন, ‘বর্তমানে সবজির সরবরাহ স্বাভাবিক পর্যায়ে। তাই দাম আগের মতোই আছে। সবজির সরবরাহ কমে গেলেই দাম বৃদ্ধি পায়। তবে এখন তেলের দাম বৃদ্ধি পাওয়ায় সবজির দাম কিছুটা বাড়বে।’ এদিকে নগরীর পোর্ট রোড পাইকারি মাছ বাজারে দেখা গেছে, নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। পশুধা ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০-১৫০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পারার আক্ষেপ দ্রেক্তাদের কণ্ঠে। জাহাঙ্গীর হাওলাদার নামে এক ক্রেতা বলেন, ‘আগে এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩৫০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একই ভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। আগে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙ্গাশ মাছ কিনতে হয়েছে। এখন আস্তে আস্তে তেলাপিয়া ও পাঙ্গাশ মাছের দামও বৃদ্ধি পাচ্ছে।’ এদিকে কিছু দিন ধরে প্রতি কেজি ঝুরলা ১৬৫-১৭০ টাকা, লেয়ার ৩৬৫, আর সোালি মুরগি বিক্রি হচ্ছে ২৯০ টাকায়। তবে অপরिवর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দাম।

আসামিদের দ্রুত শ্রেফতার

পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন প্রতিবেশী মো. মনির খান। লিখিত বক্তব্যে জানানো হয়, গত ১০ সেপ্টেম্বর বিকেলে বাকেরগঞ্জ উপজেলার কবাই ইউনিয়নের কালেরকাঠি গ্রামের ফরাজি মার্কেট সংলগ্ন নিজ বাড়ির উঠানে একদল সন্ত্রাসী আনাধিকার প্রবেশ করে। সন্ত্রাসীরা সুমন সিকদারকে বসতঘর থেকে টেনে-হেঁচড়ে বের করে প্রাণহান্য কুপিয়ে ও পিটিয়ে নৃশংসভাবে হত্যা করে। এ ঘটনায় নিহতের মা মোসা. মনোয়ারা বেগম বানী হয়ে বাকেরগঞ্জ থানায় চারজনের নত উল্লেখযোগ্য অজাতনামা একাধিক ব্যক্তিকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন। মামলার জোহানুরনামীয় প্রধান আসামিরা হলেন-কালেরকাঠি গ্রামের মো. মল্লান ওরফে মনা তালুকদার (৬২), মো. সুমন সিকদার (২৫), মো. রিগান হাওলাদার (৩৮) ও আ. রহিম হাওলাদার (৬৩)। সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, ১ নম্বর আসামি মল্লান ওরফে মনা তালুকদারের সাথে নিহতের স্ত্রী অর্নভেক্ত সম্পর্কের বিরোধকে কেন্দ্র করেই এ হত্যাকাণ্ড ঘটানো হয়। পরবর্তীতে স্বজনদের অনুসন্ধানে জানা যায়, হামলার প্রক্রিয়ায় সেজান হাওলাদার, তামিম তালুকদার,

আতিক গাজী, আল আমিন শরীফ, ইরফান মল্লিক, মোস্তফা হাওলাদার, রুবেল হাওলাদার ও নাইম হাওলাদারও প্রত্যক্ষভাবে অংশ নিয়েছিলেন। নিহতের পরিবারের দাবি, আসামিরা এলাকার চিহ্নিত অপরাধী। তারা স্থানীয় কবাই ইউনিয়ন বিএনপির সভাপতি মো. কামরুল হাসান রুবেলের ছত্রছায়ায় এলাকায় মাদক, চুরি ও ডাকাতিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড চালিয়ে আসছেন। মামলার ও নম্বর আসামি রিগান হাওলাদার ওই বিএনপি নেতার অঙ্গরক্ষক (বেঁতসার্ড) হিসেবে পরিচিত। সংবাদ সম্মেলনে স্বজনরা চরম ক্ষোভ ও আক্ষেপ প্রকাশ করে বলেন, আসামিরা এলাকায় প্রকাশ্যে ঘুরে বেড়ালেও পুলিশ তাদের শ্রেফতার করছে না। এ অবস্থায় স্থানীয় তদন্তে আস্থা না পেয়ে মামলাটি সিআইডিতে হস্তান্তরের দাবি জানান তারা। সংবাদ সম্মেলনে নিহতের ১০ বছর বয়সী ছেলে তানভীর, মা মোসা. মনোয়ারা বেগম ও ভবি নাজমা বেগমসহ স্থানীয় প্রতিবেশীরা উপস্থিত ছিলেন। এ বিষয়ে মামলার তদন্তকারী কর্মকর্তা মো. আসাদুজ্জামান জানান, এখন পর্যন্ত কোনো আসামিকে শ্রেফতার করা সম্ভব না হলেও পুলিশ অভিযান অব্যাহত রয়েছে। এদিকে অভিযুক্ত বিএনপি নেতা মো. কামরুল হাসান রুবেলের ব্যবহৃত দুইটি মুঠোফোন নম্বরে যোগাযোগের চেষ্টা করা হলে সেগুলো বন্ধ পাওয়া যায়।

ইশিয়ারি আইআরজিসির: ইরানের

ওই ইশিয়ারি দিয়েছেন বলে কাতার-ভিত্তিক সংবাদমাধ্যম আল জজিরার এক প্রতিবেদনে জানানো হয়েছে। মোহেব্বি বলেছেন, নতুন কোনও মার্কিন হামলা হলে ইরানের প্রতিরক্ষা ও পাল্টা আক্রমণ কৌশলে ‘উল্লেখযোগ্য পরিবর্তন’ আনা হবে। স্থানীয় সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, “কৌশলগত পরিবর্তনের মধ্যে থাকবে যুদ্ধের ভৌগোলিক পরিধি বৃদ্ধি এবং নতুন ধাঁচের অস্ত্র ও সামরিক সরঞ্জামের ব্যবহার।” তিনি বলেন, “আমরা নতুন সক্ষমতার আধুনিক অস্ত্র নিয়ে যুদ্ধক্ষেত্রে নামব; যা দেখে বিশ্ব চমকে যাবে।” ইরানের সামরিক লক্ষ্যবস্তু আগের মতো এক জায়গায় সীমাবদ্ধ থাকবে না জানিয়ে তিনি বলেন, আমাদের পরবর্তী লক্ষ্যসম্প্রদ্য আগের আক্রমণ করা স্থানগুলোর মতো হবে না। আমরা নতুন কিছু স্থান চিহ্নিত করেছি, যেখানে এখনও হামলা চালানো হয়নি। আইআরজিসির এই কর্মকর্তা বলেন, যুদ্ধে ‘ঐতিহাসিক ও অপমানজনক’ পরাজয়ের সম্মুখীন হয়েছে যুক্তরাষ্ট্র। তিনি বলেন, “যুক্তরাষ্ট্র এই যুদ্ধে হেরে গেছে এবং তা অত্যন্ত অপমানজনক এক ঐতিহাসিক পরাজয়। কিন্তু এই পরাজয় মেনে নেওয়ার মতো সাহস ওশাহিউন্নের নেই।” মার্কিন পরাজয়ের প্রমাণ হিসেবে তিনি কৌশলগত গুরুত্বপূর্ণ ‘হরমুজ প্রণালী’ অবরুদ্ধ থাকার বিষয়টি তুলে বলেন। মার্কিন-ইসরায়েল যৌথ অভিযানের জবাবে ইরান এই গুরুত্বপূর্ণ জলপথ বন্ধ করে দিয়েছিল। আইআরজিসির মুখপাত্র বলেন, যুক্তরাষ্ট্র তাদের সব ধরনের শক্তি প্রয়োগ করেও এই জলপথ পুনরায় চালু করতে ‘ব্যর্থ হয়েছে’। মধ্যপ্রাচ্যজুড়ে থাকা মার্কিন সামরিক ঘাঁটিগুলো এখন তাদের জন্য বোঝা হয়ে দাঁড়িয়েছে জানিয়ে তিনি বলেন, যে বিনিয়োগ করা হয়েছিল নিরাপত্তার উদ্দেশ্যে, ইরানি হামলার পর তা উল্টে ‘চরম নিরাপত্তাহীনতার’ কারণ হয়ে উঠেছে। মোহেব্বি বলেন, পরায়্য উপাসাগরীয় এলাকা ও উত্তর ইরাকে অবস্থিত মার্কিন গোয়েন্দা ঘাঁটিগুলোতে সফলভাবে আঘাত হেনেছে ইরানি ক্ষেপণাস্ত্র। এসব হামলা প্রমাণ করে, ঘাঁটিগুলো এখন ইরানের হাতেই নগালে রয়েছে এবং এটি ওয়াশিংটনের জন্য ‘বড় ধরনের গোয়েন্দা ব্যর্থতা।’

ধ্বংসস্তূপে শিক্ষার আলো, তিন বছর

উপত্যকায় ফের সরাসরি শুরু হয়েছে স্কুল পাঠদান কর্মসূচি। জাতিসংঘের শিশুবিষয়ক সন্থা ইউনেস্কো বলছে, যুদ্ধকালে গাজার প্রায় ৯৮ শতাংশ স্কুল ভবন ধ্বংস কিংবা ক্ষতিগ্রস্ত হয়েছে। গাজার শিক্ষা কর্মকর্তারা বলেছেন, সংঘাতে প্রায় ৬ লাখ ৬০ হাজার শিশু এতদিন সরাসরি স্কুলে পাঠদান ও স্বাভাবিক শিক্ষাগ্রহণ থেকে সম্পূর্ণ বঞ্চিত ছিল। গাজার পৃথিব্বাঙ্গীয়া খান ইউনিসের শিক্ষা পর্যালোক বিশ্লেষণ রমদান বলেন, ইসরায়েলি হামলায় অন্তত ২২ হাজার শিক্ষার্থী এবং ৫৫২ জন শিক্ষকসহ ৭৭০ জনেরও বেশি শিক্ষাকর্মী নিহত হয়েছেন। এই মর্মান্তিক ক্ষয়ক্ষতি সত্ত্বেও আব্বাস স্কুলে ফিরে আসার আলোর মাঝে ভঙ্গুর এক শুভ সূচনা হিসেবে দেখছেন তারা। খান ইউনিসের শিক্ষার্থী মোয়ায়েদ আবু মুস্তফা বলে, “তিন বছর আগের শেখার স্কুলে গিয়েছিলাম। আজ নতুন শিক্ষাবর্ষ শুরু হচ্ছে; এটি আমাদের জন্য আনন্দ আর সাফল্যের বছর।” চরম দাবদাহের মধ্যে বাতাস চলাচলের সুবিধাধীন তীব্র মেহেতেবে বসে ক্লাস করতে হচ্ছে তাকে। পায়ে নেই ভালো জুতো, হাতে নেই খাতা-কলম, আর যুদ্ধে হারিয়েছে খেলার সাথীদের। তবুও তার অদম্য বাতী, “এত কিছুর পরও আমরা শিখব; তাঁরুর নিচে বসেই শিখব।” বাস্তবচ্যুত পরিবারের সঙ্গে তাঁরুতে বসবাসকারী ১৫ বছর বয়সী সমর আবু সালমী ফিরেছে ক্লাসে। এক অস্থায়ী স্কুলের অভিযান্য দাঁড়িয়ে সে বলে, “মোবাইলের পর্দায় পড়ালেখা করেছে, শিক্ষকদের সামান্যামনি দেখিনি দীর্ঘদিন। এখন এক তাঁরু থেকে আরেক তাঁরুতে গিয়ে হলেও নিজের স্বপ্নটা পূরণ করতে চাই।”

ঘরে কিশোরীর খুলন্ত

আনুমানিক ১টার পরে হেট ভাই বড় বোনকে ঘরের আড়ার সঙ্গে খুলন্ত অবস্থায় দেখতে পেয়ে চিৎকার করে। চিৎকার শুনে লোকজন ছুটে এসে কিশোরীকে উদ্ধারের চেষ্টা করে, কিন্তু ততক্ষণে তার মৃত্যু হয়েছিল। তবে কী কারণে কিশোরী আত্মহত্যার পথ বেছে নিয়েছে, সে বিষয়ে তাক্ষণিকভাবে পরিবার বা সহকর্মীরা নিশ্চিত করে কিছু জানাতে পারেননি। খবর পেয়ে সোমবার সকালে বেতাগী থানা-পুলিশ ঘটনাস্থলে এসে মরদেহ উদ্ধার করে ময়নাতত্ত্বের জন্য বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠায়। বেতাগী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হারুন-অর-রশিদ বলেন, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়া গেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলার প্রস্তুতি চলছে।

পায়রা নদীর ভয়াবহ ভাঙনে

বিলীন হওয়ার অপেক্ষায় আছে ঘরবাড়ি ও গাছপালা। স্থানীয়রা জানান, গত পাঁচ-ছয় বছরে আলগী গ্রামের প্রায় দুই শতাধিক পরিবারের ভিটেমাটি, ফসলি জমি ও গাছপালা পায়রা নদীতে বিলীন হয়েছে। এর মধ্যে শতাধিক পরিবার ঘরবাড়ি, বাগান, কবরস্থান, মসজিদ, মন্দির ও কৃষিজমি হারিয়ে নিঃশ হয়ে পড়েছে। অনেকে ঘরবাড়ি সরিয়ে অন্যত্র আশ্রয় নিয়েছেন। আবার অনেক পরিবার ওয়াপদা বেড়িবাঁধের পাশে খুপড়ি তুলে মানবতের জীবনযাত্রন করছে। স্থানীয় বাসিন্দা জাকির বিশ্বাস বলেন, বিপত পাঁচ-ছয় বছরে প্রায় দুই শতাধিক পরিবারের ভিটেমাটি, ফসলি জমি ও গাছপালা নদীতে বিলীন হয়ে গেছে। এখানে ভাঙন চলছে। অনেক পরিবার সবকিছু হারিয়ে নিঃশ, ক্ষতিগ্রস্তদের সহায়তায় কেউ এগিয়ে আসেনি। আরেক বাসিন্দা মাহুলানা মোহাম্মদ হাবিবুর রহমান বলেন, ভাঙনে ঘরবাড়ি হারিয়ে অনেক পরিবার বেড়িবাঁধের পাশে আশ্রয় নিয়েছে। কেউ কেউ পরিবার নিয়ে অন্যত্র চলে গেছেন। জনপ্রতিনিধিরাও ক্ষতিগ্রস্তদের তেমন খোঁজবর নেননি। এখন যেটুকু আছে, সেটুকুও রক্ষা করা না গেলে আলগী গ্রামটি আর থাকবে না। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে নদীভাঙন চললেও স্থায়ী প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়নি। ফলে প্রতিবছরই নতুন নতুন এলাকা নদীগর্ভে বিলীন হচ্ছে। দ্রুত ভাঙন বেধে কার্যকর ব্যবস্থা না নিলে আলগী গ্রামের আরও বড় পরিবার সর্বশ্ব হারবে বলে আশঙ্কা করছেন তারা। পাঙ্গাশিয়া ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যান অ্যাডভোকেট গাজী নজরুল ইসলাম বলেন, পায়রা নদীর ভাঙনে আলগী গ্রামটি প্রায় নিশ্চিহ্ন হয়ে গেছে। যেটুকু অবশিষ্ট ছিল, সেটিও ভাঙতে শুরু করেছে। ভাঙন রোধে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এ বিষয়ে জানতে চাইলে পটুয়াখালী পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. ইমরান হোসেন বলেন, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে ইতোমধ্যে জানানো হয়েছে। অনুমতি পেলে দ্রুততম সময়ে ভাঙন রোধে কার্যকর ব্যবস্থা নেব।

আমতলীতে সড়কটির েশ

করা হয়নি। দীর্ঘদিন সংস্কার না করায় নতুন বাজার চৌরাস্তার পাশে সবজি ও মাছ বাজারের সামনের অংশসহ প্রায় ৫০০ মিটারজুড়ে ছোট-বড় অসংখ্য থানাখন্দের সৃষ্টি হয়েছে। এই সড়কটির পাশেই রয়েছে আমতলী পৌরসভার প্রধান সবজি ও মাছ বাজার। প্রতিদিন হাজারও মানুষ এখানে কেনাকাটা করতে আসেন। এ ছাড়া পটুয়াখালী, মহিপুর, যশোর, সাতক্ষীরা ও খুলনাসহ বিভিন্ন স্থান থেকে পাইকারি ব্যবসারীরা ট্রাকযোগে মাছ ও সবজি নিয়ে এই বাজারে আসেন। পাশাপাশি জেলা শহর বরগুনায় যোগাযোগের জন্য এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পথ। রোববার সকালে সরেজমিন ঘুরে দেখা গেছে, আমতলী নতুন বাজার চৌরাস্তা মোড় থেকে মাছ বাজার পর্যন্ত প্রায় ৫০০ মিটার সড়কের পিচ উঠে গিয়ে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। গর্তের গভীরে থাকা খোয়া উঠে কাদামাটি ও বৃষ্টির পানিতে একাকার হয়ে আছে পুরো সড়ক। মাহেমনায়ে অটোরিকশা ও রিকশা গর্তে আটকে গিয়ে তৈরি হচ্ছে দীর্ঘ যানজট। বাজারে সবজি কিনতে আসা হাসানুল বাবা বলেন, সড়ক বেহাল থাকায় বাজারে আসার সময় কাদা-পানিতে কাপড়চোপড় নষ্ট হয়ে যায়। কেনাকাটা শেষে বাসায় ফিরে আবার গোলাব করতে হয়। পাইকারি মাছ বিক্রিতে মো. বোরকে পায়রা জালান, রাজা ভাঙা থাকার কারণে কোনো পাইকার বা পণ্যবাহী গাড়ি এই বাজারে আসতে চায় না। মাছ বাজারের পাশের মুদি ব্যবসারী আশুর রহিম বলেন, রাজা খারাপ থাকায় বাজারে ক্রেতার সমাগম কমে গেছে। ফলে আমাদের বিক্রিও অনেক কমে গেছে। এ বিষয়ে বরগুনা সওজ-এর উপসহকারী প্রকৌশলী মো. বিদ্যাল হোসেন বলেন, সত্ত্বাধীনবেরের মধ্যে সাময়িকভাবে গর্তগুলো মেরামত করা হবে। তিনি জানান, সড়কের পাশে মাছ ও সবজি বাজার থাকায় অতিরিক্ত লোড এবং পানি জমার কারণে পিচ উঠে গর্তের সৃষ্টি হচ্ছে। স্থায়ী সমাধানের জন্য আগামী অর্থবছরে আরসিসি ঢালাই দিয়ে সড়কটি সংস্কারের প্রস্তাব পাঠানো হয়েছে এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে।

ভোলার বিচ্ছিন্ন দ্বীপে অঙ্গরসহ

আলমগীর, আব্বাস মাঝি ও আমগমীর মাঝি। কোস্ট গার্ড জানায়, গোপন সংবাদের মাধ্যমে চর মোজাম্মেল চরে একদল ডাকাতি ডাকাতির উদ্দেশ্যে অবস্থান করছেন। পরে ওই তথ্যের ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে সন্দেহভাজনদের আন্তায়ন্য তুল্লাশি চালিয়ে দুটি দেশীয় আয়োন্ত্রা, দুই রাউন্ড তাজা কার্তুজ, দুই রাউন্ড ফাঁকা কার্তুজ, চারটি দেশীয় অস্ত্র এবং ডাকাতির কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়। আটক ব্যক্তিদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে কোস্ট গার্ড। কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সিরির আলম সুজন বলেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে বাংলাদেশ কোস্ট গার্ডের এ ধরনের অভিযান অব্যাহতেও অব্যাহত থাকবে।

তালতলীতে সবকে ভাইস চেয়ারম্যান

ভাইস চেয়ারম্যান নয়েবেপারীকে একটি পুরোনো মামলায় শ্রেফতার করা হয়েছে। এছাড়া নিষিদ্ধ ছাত্রলীগের এক কর্মীকেও শ্রেফতার করা হয়েছে। তাদের আদালতে পাঠানো হবে।

কাউখালী-বরিশাল সরাসরি বাস

দূরত্ব তুলনামূলক কম হলেও সরাসরি গণপরিবহন না থাকায় যাত্রীদের প্রথমে অটোরিকশা, মাইক্সা, মোটরসাইকেলসহ বিভিন্ন ছোট যানবাহনে করে নেকাঠি কিংবা রাজাপুর যেতে হয়। এরপর সেখান থেকে বরিশালের বাসে উঠতে হয়। এতে বিশেষ করে নারী, শিশু, বয়স্ক ও অসুস্থ রোগীদের বেশি দুর্ভোগ পোহাতে হলে। কাউখালী উত্তর বাজারের ঔষধ ব্যবসায়ী মো. শহিদুল বলেন, ব্যবসায়িক মালামাল কেনা এবং ব্যাংকসহ বিভিন্ন কাজে তাকে সত্ত্বাছে দুই-তিন দিন বরিশালে যেতে হয়। কিন্তু সরাসরি বাস না থাকায় প্রথমে অটোরিকশা বা মোটরসাইকেলে নেকাঠী কিংবা রাজাপুর যেতে হয়। পরে সেখান থেকে বরিশালের বাস ধরতে হয়। এতে সময় ও অর্থ দুটোই বেশি খরচ হচ্ছে। মালমাল নিয়ে একাধিকবার গাড়ি পরিবর্তন করতে গিয়ে বাড়তি ভোগান্তিও পোহাতে হয়। দ্রুত কাউখালী-বরিশাল সরাসরি বাস সার্ভিস চালুর দাবি জানান তারা। নিয়মিত যাতায়াতকারী চাকরিজীবী মাইনুল হুদা বলেন, তার বুদ্ধ বাবাকে প্রায়ই চিকিৎসার জন্য বরিশালে নিতে হয়। সরাসরি বাস না থাকায় অসুস্থ রোগীকে নিয়ে বারবার গাড়ি পরিবর্তন করতে হয়। এতে রোগীর শারীরিক কষ্ট আরও বেড়ে যায়। বিশেষ করে নারী, শিশু ও বয়স্কদের জন্য বিষয়টি অত্যন্ত দুর্ভোগের। একটি সরাসরি বাস সার্ভিস চালু হলে এ সমস্যা অনেকটাই কমে যাবে বলে তিনি মনে করেন। বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের কাউখালীর শিক্ষার্থী নসরাত ও ফেরদৌসী বলেন, কাউখালী থেকে অনেক শিক্ষার্থী বরিশালের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেন। সকালবেগার ক্লাস ও পরীক্ষা ধরতে তাদের ভোরেই বাড়ি থেকে বের হতে হয়। কিন্তু সরাসরি বাস না থাকায় পাশে গাড়ি পরিবর্তন করতে গিয়ে অনেক সময় নষ্ট হয়। পাশাপাশি যাতায়াত খরচও বেড়ে যায়। শিক্ষার্থীদের সুবিধার জন্য অন্তত সকাল ও বিকালে নিয়মিত সরাসরি বাস সার্ভিস চালুর দাবি জানান তারা। স্থানীয় সাধারণ মানুষের অভিযোগ, কাউখালী থেকে ঢাকা, পিরোজপুরসহ বিভিন্ন রুটে যাতায়াতের ব্যবস্থা থাকলেও বিভাগীয় শহর বরিশালের সঙ্গে সরাসরি গণপরিবহন ব্যবস্থা গড়ে ওঠেনি। ফলে চিকিৎসা, শিক্ষা, ব্যবসা ও সরকারি-বেসরকারি বিভিন্ন কাজে বরিশালমুখী মানুষকে প্রতিনিয়ত দুর্ভোগ পোহাতে হচ্ছে। ভুক্তভোগী যাত্রী ও স্থানীয় সচেতন মহল মনে করেন, কাউখালী-বরিশাল সরাসরি বাস সার্ভিস চালু হলে এ অঞ্চলের মানুষের যাতায়াত অনেক সহজ হবে। একই সঙ্গে সময় ও অর্থ সাশ্রয়ের পাশাপাশি চিকিৎসাপ্রার্থী, শিক্ষার্থী, ব্যবসায়ী ও চাকরিজীবীদের দীর্ঘদিনের ভোগান্তিও কমবে। এ জন্য সংশ্লিষ্ট পরিবহন মালিক সমিতি ও প্রশাসনের দ্রুত উদ্যোগ কামনা করছেন তারা।

মজুরির টাকা চাওয়ায় মা ও তিন

দিয়ে কুপিয়ে জখম করা হয়। তাকে রক্ষা করতে তার মা মনোয়ারা বেগম এবং দুই ভাই রেজাউল ও খায়রুল এগিয়ে এসে তাদের ওপরও হামলা চালায় হার বলে অভিযোগ করা হয়েছে। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর চারজনকেই উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক মামুন্নর রশিদ বলেন, আহত চারজনের শরীরে বিভিন্ন স্থানে গুরুতর জখমের চিহ্ন রয়েছে। প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর তাদের উন্নত চিকিৎসার জন্য বরিশালে পাঠানো হয়েছে। অভিযোগের বিষয়ে তাক্ষণিকভাবে রায়ল মুখার মতো বক্তব্য পাওয়া যায়নি। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থল ও স্বাস্থ্য কমপ্লেক্সে পুলিশ পাঠানো হয়েছে। আমাদের কাছে লিখিত অভিযোগ দিলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

গৌরনদীর যাবজ্জীবন সাজাপ্রাপ্ত

(সদর কোশ্পানী, বরিশাল) এবং এসআরবি-৭ (সিপিসি, চট্টগ্রাম)। এসআরবি সূত্রে জানা যায়, শ্রেফতারকৃত আফজাল বেপারী বরিশাল জেলার গৌরনদী থানার পূর্ব ডুমুরিয়া গ্রামের কালামা বেপারীর ছেলে। তার বিরুদ্ধে গৌরনদী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৯(১) ধারায় একটি মামলা চলছিল (মামলা নং- ২৪২/১০, জিআর নং- ১২/১০)। বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ১ লক্ষ টাকা অর্থদণ্ড এবং অনাদায়ে আরও ২ বছরের সশ্রম কারাদণ্ডের আদেশ দেন। সাজা ঘোষণার পর থেকেই আসামি আফজাল দেশের বিভিন্ন স্থানে আত্মগোপন করে আসছিল। পরবর্তীতে সংশ্লিষ্ট আদালত থেকে শ্রেফতারি পরোয়ানা জারির পর এসআরবি-৮ এর অধিনায়ক বরাবর একটি অধিযানপত্র পাঠানো হয়। এর প্রেক্ষিতে এসআরবি তথ্য-প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার এবং গোয়েন্দা নজরদারির মাধ্যমে আসামির অবস্থান নিশ্চিত করে এই সফল অভিযান পরিচালনা করে। শ্রেফতারের পর আইনি প্রক্রিয়া সম্পন্ন করতে আফজাল বেপারীকে চট্টগ্রাম মহানগরীর চান্দগাঁও থানায় হস্তান্তর করা হয়েছে। অপরাধ নিয়ন্ত্রণে এসআরবি’র এই ধরনের সাঁড়াশি অভিযান অব্যাহত থাকবে বলে বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে।

পরিত্যক্ত ঘর থেকে যুবকের খুলন্ত মরদেহ উদ্ধার

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় একটি পরিত্যক্ত ঘর থেকে বায়োজিৎ (২৭/২৮) নামের এক যুবকের খুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার (২১ সেপ্টেম্বর) সকাল ৯টার দিকে উপজেলার টিয়াখালী ইউনিয়নের পশ্চিম টিয়াখালী গ্রামের একটি পরিত্যক্ত ঘর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। এর আগে স্থানীয় লোকজন ঘরের আড়ার সঙ্গে যুবককে খুলন্ত অবস্থায় দেখতে পেয়ে পুলিশে খবর দেন। নিহত বায়োজিৎ পৌর শহরের রহমতপুর এলাকার কালামা ওরফে ভ্যান কালামের ছেলে। স্থানীয় প্রত্যক্ষদর্শী ফোরকান মোল্লা বলেন, টিয়াখালী এলাকায় ভ্যান কালাম জমি কিনে নতুন বাড়ি নির্মাণ করছেন। সেখানে মেঝারের বাড়ির সামনে একটি ঘর নির্ধারন ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। ওই ঘরেই বায়োজিৎ এর মরদেহ পাওয়া গেছে। খবর পেয়ে সেখানে গিয়ে তিনি ঘরের আড়ার সঙ্গে বায়োজিৎ এর খুলন্ত অবস্থায় দেখতে পান। পরে পুলিশে খবর দেন। কলাপাড়া থানার তদন্ত কর্মকর্তা ইলিয়াস তালুকদার বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে। যুবকের বয়স আনুমানিক ২৭ থেকে ২৮ বছর। তার পরনে শুধু জিসের কাটা ছাড়া কিছুই ছিল। কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তাফিজুর রহমান বলেন, এটি আহতহাওয়া, নাকি এর পেছনে অন্য কোনো বিষয় রয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। সব বিষয় মাথায় রেখেই তদন্ত করা হবে।

বরগুনা উপকূলে ভরা মৌসুমেও ইলিশের আকাল

বরগুনা প্রতিনিধি

রঙনার আমতলীসহ উপকূলীয় এলাকায় ইলিশের ভরা মৌসুম চলছে। তবে উপকূলীয় নদ-নদীতে দেখা দিয়েছে ইলিশের তীব্র সংকট। জেলদেের জালে আশুনুরুপ মাছ ধরা পাওয়া যায় না। সাগর-নদীতে জাল ফেলেও নৌকার জ্বালানি ও খাবারের খরচ উঠছে না। ফলে দাদন ও খশেরে বোঝা মাল্যায় নিয়ে দিনেছাওয়া হয়ে পড়েছেন মৎস্যজীবীরা। উপকূলের পায়রা, বিশ্বখালী, বলেশ্বর ও আন্ধারমানিক নদীর মোহনায় ইলিশের বিচরণ কমে যাওয়ায় এ সংকট আরও প্রকট হয়ে গেছে। স্থানীয় জেলদেের অভিযোগ, নদীতে ডুবোচর, পলিলীন ও অন্যান্য বর্জ্য জমে নাব্যতা কমে গেছে। কোথাও কোথাও শিল্পকারখানা ও তাপবিদ্যুৎকেন্দ্রের বর্জ্য ও উষ্ম পানির প্রভাব রয়েছে। প্রগ্ন তুলছেন তারা। স্থানীয় জেলেরা জানান, কয়েক বছর আগেও ভরা মৌসুমে নদীতে প্রবেশ করত বাধাগ্রস্ত হচ্ছে। এখন ঘটটার পর ঘট্টা জাল ফেলেও কাঙ্ক্ষিত মাছ পাওয়া যায় না। ফলে অনেক জেলে লোকসান গুনে মাছ ধরা কমিয়ে দিয়েছেন। পায়রা নদীর জেলে মিরাজ রায়ান, “ইলিশ প্রজননের সময় নদীর মিষ্টি পানির দিকে আসে। কিন্তু মোহনায় নাব্যতা কমে যাওয়ায় মাছ নদীতে প্রবেশ করতে বাধাগ্রস্ত হচ্ছে। ডুবোচরগুলো অপসারণ করে নদীর গভীরতা ফিরিয়ে আনা না হলে ইলিশের বিচরণ আরও কমে যাওয়ার আশঙ্কা রয়েছে।” আরেক জেলে রাসেল বলেন, “মোরা এখন নদীতে যাই না, নদীতে মাছ পাই না।” জেলে শামীম মিয়া বলেন, “আমরা মাছ ধরতে নদীতে যাইয়া মাছ পাই না, অনেক কষ্টে আছি।” বরগুনা জেলা মৎস্য অফিস সূত্রে জানা গেছে, জেলার পায়রা, বিশ্বখালী, বলেশ্বর ও আন্ধারমানিক নদী এবং উপকূলীয় এলাকায় বিপুলসংখ্যক জেলে ইলিশ আহরণ করেন। তবে সামগ্রিকভাবে সময়ে মাছের প্রাপ্যতা কমে যাওয়ায় জেলদেের বৃহৎ একটি অংশ আর আগের মতো নদীতে যাচ্ছেন না। মৎস্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, পায়রা নদীর প্রায় ১৫ কিলোমিটার এলাকায়, বিশ্বখালী নদীর মোহনায় প্রায় ৬ দশমিক ৮ কিলোমিটার, বলেশ্বরে ১১ দশমিক ৪২ কিলোমিটার এবং আন্ধারমানিকে ১২ কিলোমিটার ডুবোচর রয়েছে বলে চিহ্নিত করা হয়েছে। বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়াউদ্দিন বলেন, “ইলিশের বিচরণ ও প্রজননের জন্য নদীর স্বাভাবিক নাব্যতা কমে যাওয়ায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। নদীতে পলি জমে গভীরতা কমে যাওয়ায় মাছের স্বাভাবিক চলাচলে প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। এ অবস্থায় নদীতলোর নাব্যতা ফিরিয়ে আনা, অবৈধ জাল বন্ধ করা এবং দূষণ নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা নেওয়া প্রয়োজন। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে এবং প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার জন্য প্রস্তাব দেওয়া হয়েছে।” জেলদেের দাবি, শুধু নিষেধাজ্ঞা ও অভিযান চালালেই ইলিশের উৎপাদন বাড়ানো সম্ভব নয়। নদীর নাব্যতা ফিরিয়ে আনা, দূষণ বন্ধ, অবৈধ জাল নিয়ন্ত্রণ এবং ইলিশের প্রজনন ও বিচরণক্ষেত্র সরক্ষণে সমর্থিত উদ্যোগ নিতে হবে।

ধ্বংসস্তূপে শিক্ষার আলো, তিন বছর পর ক্লাসরুমে ফিরল গাজার শিশুরা

কীর্তনখোলা ডেস্ক
ভাঙাচোরা ভবন, তারু আর টিনের ছাপড়ার নিচে গাদাগাদি করে বসেছে শিশুরা। হাতে নেই নতুন খাতা-কলম, গায়ে নেই পরনের ইউনিকর্ম। তবুও মুখে বইছে শিক্ষার আলোয় ফেরার আনন্দ। দীর্ঘ প্রায় তিন বছর পর শনিবার গাজা ৩ এর পাতায় দেখুন



জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রতিবাদে বরিশালে জামায়াতের বিক্ষোভ মিছিল

কীর্তনখোলা রিপোর্ট

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির প্রতিবাদসহ বিভিন্ন গণদাবি বাস্তবায়নের লক্ষ্যে বরিশাল নগরীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতের ইসলামী বরিশাল মহানগরী শাখা। সোমবার (২১ সেপ্টেম্বর) বিকেল ৫টায় নগরীর ঐতিহাসিক টাউন হল চত্বরে এক

প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। বিক্ষোভ সমাবেশে সভাপতির বক্তব্যে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিদম সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর বলেন, সরকার

দফায় দফায় জ্বালানি তেলের দাম বৃদ্ধি করে সাধারণ মানুষের ওপর ব্যয়ের অতিরিক্ত বোঝা চাপিয়ে দিচ্ছে। এমনিতেই দ্রব্যমূল্যের লাগামহীন উর্ধ্বগতিতে সাধারণ মানুষের নান্দিশাস উঠেছে। নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণির মানুষের আয়-ব্যয়ের ভারসাম্য পুরোপুরি ভেঙে পড়েছে। ৩ এর পাতায় দেখুন



মজুরির টাকা চাওয়ায় মা ও তিন ছেলেকে কুপিয়ে জখম

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে পাওনা ৬০০ টাকা মজুরি চাওয়ায় কেন্দ্র করে এক নারী ও তার তিন ছেলেকে মারধর ও কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। এ ঘটনায় আহত চারজনকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পঠানো হয়েছে। সোমবার (২১ সেপ্টেম্বর) সকাল ৮টার দিকে উপজেলার সূর্যমনি ইউনিয়নের গোয়ালিয়া বাঘা গ্রামের ১ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে। আহতরা হলেন-গোয়ালিয়া বাঘা গ্রামের একই পরিবারের জহিরুল (৩৫), রেজাউল (৩০), খায়রুল (২৭) ও তাদের মা মনোয়ারা বেগম (৫৫)। স্থানীয় ও আহতদের পরিবারের সূত্রে জানা যায়, কয়েকদিন আগে একই গ্রামের রাসেল মুখার জমিতে ৬০০ টাকা মজুরিতে কাজ করেন জহিরুল। কাজ শেষে পাওনা মজুরি চাইলে টাকা দেওয়া নিয়ে রাসেল মুখার সঙ্গে তার কথা-কাটাকাটি হয়।

এর জেরে সোমবার সকালে রাসেল মুখার নেতৃত্বে ২০-২৫ জন লোক দেশীয় অস্ত্র নিয়ে জহিরুলদের বাড়িতে গিয়ে হামলা চালান বলে অভিযোগ পরিবারের। এ সময় জহিরুলকে মারধরের পাশাপাশি ধারালো অস্ত্র ৩ এর পাতায় দেখুন

বাউফলে মিড-ডে মিলের ডিম সেদ্ধর পানিতে পড়ে দক্ষ ছাত্র

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিলের ডিম সেদ্ধ করার গরম পানিতে দক্ষ হয়েছে মাহফুজুর রহমান নামের চতুর্থ শ্রেণির এক শিক্ষার্থী। তাকে গুরুতর আহত অবস্থায় বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। রোববার দুপুরে উপজেলার মধ্য দাসপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এই দুর্ঘটনা ঘটে। স্থানীয় ও সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সরকারি ওই বিদ্যালয়ে প্রতিদিন শিক্ষার্থীদের জন্য মধ্যাহ্নভোজ বা মিড ডে মিলের ৩ এর পাতায় দেখুন

কাউখালী-বরিশাল সরাসরি বাস নেই, ভোগান্তিতে হাজারো যাত্রী

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলা থেকে বিভাগীয় শহর বরিশালে সরাসরি কোনো বাস সার্ভিস চালু না থাকায় চরম ভোগান্তিতে পড়েছেন হাজারো সাধারণ যাত্রী। প্রতিদিন দাপ্তরিক কাজ, উন্নত চিকিৎসা, উচ্চশিক্ষা ও ব্যবসায়িক প্রয়োজনে কাউখালী থেকে বরিশালে যাত্রাসেবা করেন অসংখ্য মানুষ। তবে সরাসরি বাস না থাকায় তাদের একাধিক যানবাহন পরিবর্তন করে গন্তব্যে পৌঁছাতে হচ্ছে। এতে সময় অপচয়ের পাশাপাশি বাড়তি ভাড়াও গুনতে হচ্ছে যাত্রীদের। স্থানীয়রা জানান, কাউখালী থেকে বরিশালের ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা ডেস্ক

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিল A+ প্রাঙ্গণের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি **নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

বরিশাল ২ মঙ্গলবার ২২ সেপ্টেম্বর ২০২৬ ০৯ আশ্বিন ১৪৩৩

বরিশালে সবজির দর অপরিবর্তিত চড়া মাছের বাজার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে কাঁচাবাজারে সবজির দাম স্থিতিশীল থাকলেও মাছের বাজারে স্বস্তি মিলছে না সাধারণ ক্রেতাদের। তবে কিছু কিছু সবজির দামও ১০ থেকে ১৫ টাকা পর্যন্ত বেড়েছে। সোমবার (২১ সেপ্টেম্বর) সকালে বরিশাল

নগরীর বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজার ও পোট রোড মাছের বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত সপ্তাহে থেকে ১১০-১২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। পটল গত সপ্তাহের

দামে ৭০ থেকে ৮০ টাকা, টমেটো ১০০ থেকে ১১০, টেডুস ৫০ থেকে ৬০, চিচিঙ্গা ৬০ থেকে ৭০, ধুন্দল ৮০, ঝিঙ্গা ১০০, করলা ৭০ থেকে ৮০, বেগুন ৮০ থেকে ১০০, বরবটি ১০০, লাউ ৫০ থেকে ৬০ এবং পেঁপে ৩৫ থেকে ৩ এর পাতায় দেখুন

বন্ধের দিনে মাদরাসার টেবিল-বেঞ্চ বিক্রি করে দিলেন শিক্ষক ও লাইব্রেরিয়ান

চরক্ষাশন প্রতিনিধি

ভোলা চরক্ষাশন উপজেলার কুতুবগঞ্জ মাদ্রিয়া দাখিল মাদরাসার কম্পিউটার শিক্ষক মো. জাহাঙ্গীর ও লাইব্রেরিয়ান মো. মহিবুলের বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি ও খেজারিচারিতার অভিযোগ উঠেছে। এসব অভিযোগ তুলে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে লিখিত আবেদন করেছেন মাদরাসার ইবতেদায়ী শাখার প্রধান



শিক্ষক মো. আনোয়ারুল ইসলাম। অভিযোগটি তদন্ত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মো. নূর নবীকে দায়িত্ব দিয়েছেন ইউএনও। এর পরিশ্রমে সোমবার (২১ সেপ্টেম্বর) ওই কর্মকর্তা মাদরাসায় গিয়ে সরেজমিন তদন্ত করেছেন।



চট্টগ্রামে যৌথ অভিযান গৌরনদীর যাবজ্জীবন সাজা প্রাপ্ত আসামি আফজাল শ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের গৌরনদী থানার একটি চাফাকপুর ধর্ষণ মামলায় যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং এক লক্ষ টাকা অর্থদণ্ডপ্রাপ্ত দীর্ঘদিনের ওয়ারেন্টভুক্ত পলাতক আসামি মোঃ আফজাল বেপারীকে (৩৬) শ্রেফতার করেছে এসআরবি (SRB)। গত ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ রাতে চট্টগ্রাম মহানগরীর চান্দগাঁও থানা এলাকায় একটি যৌথ অভিযান পরিচালনা করে তাকে শ্রেফতার করা হয়। অভিযানে নেতৃত্ব দেয় এসআরবি-৮ ৩ এর পাতায় দেখুন



ভোলার বিচ্ছিন্ন দ্বীপে অস্ত্রসহ তিন ডাকাত আটক

তত্ত্বমন্দির প্রতিনিধি

ভোলার তত্ত্বমন্দির উপজেলার চর মোজাম্মেলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান চালিয়ে দেশীয় আগ্নেয়াস্ত্র, কার্তুজ ও দেশীয় অস্ত্রসহ তিনজনকে আটক করেছে। কোস্ট গার্ডের দাবি, আটক ব্যক্তিরা দীর্ঘদিন ধরে চরাঞ্চলে ডাকাতি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত ছিলেন। সোমবার (২১ সেপ্টেম্বর) ভোর ৪টা থেকে চর মোজাম্মেল চরে এ অভিযান পরিচালনা করে কোস্ট গার্ড বেইস ভোলার একটি দল। আটক ব্যক্তিরা হলেন-চর মোজাম্মেলের ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.সি. ডি রবীন্দ্র

এমবিবিএস(চাকারি) ও ডিএমসি
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবি(সিআরবি)বোইজিং(চীন)
এনআইও(চাকারি)কোম্পা ও প্রোকোম
কেসো,জাতীয় চকু বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা
ও এস.বি. ম্যাশনাল কনফারেন্স ও সেরাচি সেবা
পদকপ্রাপ্ত

মাথা ব্যথা, প্রোকোম, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

বিভাগীয় প্রধান:
শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সুউচ্চ এম্বুলেন্স সেবিকেন্দ্র বরিশাল ও হাসপাতাল বরিশাল

বরিশাল চেম্বার: **মেঘা ডায়াগনস্টিক ল্যাব**

৪০ সের চেম্বার (মোটর দলী ইত্য) এর সিপিইউ বরিশাল। পরিচালনা: ০১৭১৪০৯০৯০৯, ০১৭১৪০৯০৯০৯

তালতলীতে সাবেক ভাইস চ্যোরম্যান যুবলীগ নেতাসহ শ্রেফতার ২

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলীতে নিষিদ্ধ সংগঠন যুবলীগ ও ছাত্রলীগের দুই নেতা-কর্মীকে শ্রেফতার করেছে পুলিশ। রবিবার (২০ সেপ্টেম্বর) মধ্যরাতে তালতলী থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে তাদের শ্রেফতার করে। শ্রেফতারেরা হলেন – বরগুনা জেলা যুবলীগের ধর্ম বিষয়ক সম্পাদক ও তালতলী উপজেলা পরিষদের সাবেক ভাইস চ্যোরম্যান ইমতিয়াজ হোসেন নয়ন বেপারী এবং তালতলী উপজেলার জাকির তবক গ্রামের জয়নাল শিকদারের ছেলে মো. রাজু। পুলিশ সূত্রে জানা গেছে, তালতলী উপজেলার কড়াইবাড়িয়া ইউনিয়ন বিএনপি কার্যালয় ভাঙুর ও নেতাকর্মীদের মারধরের অভিযোগে দায়ের করা মামলায় নয়ন বেপারী এজাহারভুক্ত ২০ নম্বর আসামি। ওই মামলায় তাকে শ্রেফতার করা হয়েছে। অন্যদিকে রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ থাকা সত্ত্বেও ছাত্রলীগের কার্যক্রমে সক্রিয় থাকার অভিযোগে মো. রাজুকে শ্রেফতার করা হয়েছে। তালতলী থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সাইদুল ইসলাম বলেন, সাবেক ৩ এর পাতায় দেখুন



ঘরে কিশোরীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

বেতাগী প্রতিনিধি

বরগুনার বেতাগীতে নিজ বসতঘর থেকে ১৭ বছর বয়সী এক কিশোরীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। রোববার দিবাগত রাত ১টার দিকে উপজেলার সদর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের খোপখালী গ্রামে এ ঘটনা ঘটে। কিশোরী বেতাগী পৌর শহরের একটি ডায়াগনস্টিক হিসেবে কর্মরত ছিল। পারিবারিক সূত্রে জানা যায়, রোববার রাত ১১টায় কর্মস্থল থেকে বাড়ি ফিরে কিশোরী মাকে বলে, তার শরীর ভাঙো লাগছে না। একটু বাইরে থেকে ঘুরে আসার কথা বললে মা তাকে নিয়ে বাইরে যান। কিছুক্ষণ বাইরে ঘোরাফেরা শেষে বাড়ি ফিরে কিশোরী ছোট ভাইকে নিয়ে এক কক্ষে ঘুমিয়ে পড়ে। রাত ৩ এর পাতায় দেখুন

ইঁশিয়ারি আইআরজিসির: ইরানের নতুন অস্ত্র দেখে বিশ্ব অবাক হবে

কীর্তনখোলা ডেস্ক

মুক্তরাষ্ট্র ফের আক্রমণ চালালে ইরানের নতুন সামরিক সক্ষমতা দেখে বিশ্ব 'অবাক' হয়ে যাবে বলে ইঁশিয়ারি দিয়েছে দেশটির ইসলামিক বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। সোমবার আইআরজিসির মুখপাত্র হোসেইন মোহসেবি ৩ এর পাতায় দেখুন



কুপিয়ে-পিটিয়ে সুমনকে হত্যা আসামিদের দ্রুত শ্রেফতার ও সিআইডি তদন্তের দাবি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বাকেরগঞ্জে ড্যানচালক সুমন সিকদারকে (৩২) প্রকাশ্যে কুপিয়ে ও পিটিয়ে হত্যার ঘটনায় জড়িতদের দ্রুত শ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে নিহতের পরিবার। একই সাথে সুহৃৎ ও নিরপেক্ষ বিচারের স্বার্থে মামলাটি অপরাধ তদন্ত বিভাগে (সিআইডি) হস্তান্তরের জোর দাবি জানানো হয়েছে। সোমবার (২১ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১২টায় বরিশাল রিপোর্টার্স ইউনিটি (রিআইউ) কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে নিহতের পরিবারের পক্ষ থেকে এসব দাবি তুলে ধরা হয়। সম্মেলনে নিহতের বড় ভাই মো. আ. মাল্লান সিকদারের ৩ এর পাতায় দেখুন



আমতলীতে সড়কটির দেশ মিটারজুড়ে অনেক গর্ত

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনার আমতলীর নতুন বাজার সড়কটি দীর্ঘদিন ধরে সংস্কার না করায় ছোট-বড় অসংখ্য গর্তের সৃষ্টি হয়েছে। এতে বাজারে আসা ক্রেতা-বিক্রেতা এবং জেলা শহর বরগুনা যাত্রায়তকারী মানুষকে প্রতিদিন দুর্ভোগ পোহাতে হচ্ছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, সড়কটি সড়ক ও জনপথ (সওজ) বিভাগের আওতাভুক্ত হওয়ায় পৌরসভা কর্তৃপক্ষও এটি সংস্কার করছে না। বর্ষা মৌসুমে সড়কের গর্তে বৃষ্টির পানি জমে ও কাদায় সাধারণ মানুষের চলাফেরা করা দুধর হয়ে পড়েছে। এসব গর্তে প্রায়ই রিকশা বা অটোরিকশা উল্টে যাত্রীরা দুর্ঘটনার শিকার হচ্ছেন। বরগুনা সড়ক ও জনপথ কার্যালয় সূত্রে জানা গেছে, আমতলী নতুন বাজার-বরগুনা আঞ্চলিক সড়কটি ২০২০ সালে সংস্কার করা হয়। চলতি বছর পটুয়াখালী-কুয়াকাটা সড়ক সংস্কার করা হলেও আমতলী নতুন বাজার থেকে বরগুনার সঙ্গে সংযুক্ত আমতলী ফেরিঘাট পর্যন্ত ৮০০ মিটার সড়ক সংস্কার ৩ এর পাতায় দেখুন

পায়রা নদীর ভয়াবহ ভাঙনে নিঃশ্ব শতাধিক পরিবার

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকিতে পায়রা নদীর ভয়াবহ ভাঙনে নিঃশ্ব হয়ে পড়েছে পাশাশিয়া ইউনিয়নের আলগাঁ গ্রামের শতাধিক পরিবার। ইতামধ্যে নদীগর্ভে বিলীন হয়েছে বসতভিটা, ফসলি জমি, গাছপালা, কবরস্থান, মসজিদ ও মন্দিরসহ বিভিন্ন স্থাপনা। ভাঙন অব্যাহত থাকায় নতুন করে বসতভিটা হারানোর শঙ্কা রয়েছে নদীতীরবর্তী বাসিন্দারা। সর্বশ্ব হারানো মানুষের এখন একটাই দাবি, বেঁচে থাকার জন্য মাথা গোজার ঠাই এবং মৃত্যুর পর শেষকৃত্যের জায়গাটুকু বেন রক্ষা করা হয়। সরেজমিনে গিয়ে দেখা যায়, তীব্র প্রোতে প্রতিনিয়ত ভাঙছে নদীর তীর। কোথাও বসতভিটার একাংশ নদীতে বিলীন হয়ে গেছে, কোথাও ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টরাহির রাহমির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com